# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

---

আরবী

883 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: حَدَّثَنَا حَمْزَةُ بْنُ طِلْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْمُفَضَّلِ بْنُ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا أَرَادَ أَحَدُكُمْ أَمْرًا فَلْيَقُلِ: اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَّامُ الْغُيُوبِ اللَّهُمَّ إِنْ كَانَ كَذَا وَكَذَا خَيْرًا لِي فِي دِينِي وَخَيْرًا لِي فِي مَعِيشَتِي وَخَيْرًا لِي فِي عَاقِبَةِ أَمْرِي فَاقْدُرْهُ لِي وَبَارِكْ لِي فِيهِ وَإِنْ كَانَ غَيْرُ ذَلِكَ خَيْرًا لِي فَاقْدُرْ لِيَ الْخَيْرَ حَيْثُ مَا كان ورضِّني بقَدَرِكَ)
الراوي : أَبُو هُرَيْرَةَ ا‌المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 883 | خلاصة حكم المحدث:. حسن صحيح ـ
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو الْمُفَضَّلِ اسْمُهُ: شِبْلُ بْنُ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ مُسْتَقِيمُ الْأَمْرِ فِي الْحَدِيثِ.

বাংলা

৮৮৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ কোন কাজ করার ইচ্ছা করবে, সে যেন বলে,

اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَّامُ الْغُيُوبِ اللَّهُمَّ إِنْ كَانَ كَذَا وَكَذَا خَيْرًا لِي فِي دِينِي وَخَيْرًا لِي فِي مَعِيشَتِي وَخَيْرًا لِي فِي عَاقِبَةِ أَمْرِي فَاقْدُرْهُ لِي وَبَارِكْ لِي فِيهِ وَإِنْ كَانَ غَيْرُ ذَلِكَ خَيْرًا لِي فَاقْدُرْ لِيَ الْخَيْرَ حَيْثُ مَا كان ورضِّني بقَدَرِكَ

অর্থ: হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার ইলমের মাধ্যমে আপনার কাছে নির্দেশনা চাচ্ছি, আপনার ক্ষমতা থেকে ক্ষমতা চাচ্ছি, চাচ্ছি আপনার মহান অনুগ্রহ। কেননা নিশ্চয়ই আপনি ক্ষমতা রাখেন, আমি কোন ক্ষমতা রাখি না। আপনি জানেন, আমি জানি না, আপনি অদৃশ্যের জ্ঞাত। হে আল্লাহ, যদি এই এই কাজ (যে কাজ সে করতে চাচ্ছে) আমার দ্বীনের জন্য কল্যাণকর হয়, আমার জীবন-যাপনের জন্য কল্যাণকর হয় এবং আমার কর্মের পরিণতির দিক দিয়ে কল্যাণকর হয়, তবে  তা আমার জন্য নির্ধারণ করুন, আমার জন্য তাতে বারাকাহ দান করুন। আর যদি এছাড়া অন্য কোন জিনিস আমার জন্য কল্যাণকর হয়, তবে তা আমার জন্য নির্ধারণ করুন, সেটা যেখানেই থাকুক না কেন। আর আপনার ফায়সালায় আমাকে সন্তুষ্ট রাখুন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূল মুফায্যাল এর নাম হলো শিবল বিন আলা‘ বিন আব্দুর রহমান। হাদীসের ক্ষেত্রে তিনি নির্ভরযোগ্য ব্যক্তি।”

## ফুটনোট

[1] সুয়ূতী, আল জামি‘উল কাবীর: ১/৩৮; হাকিম: ১/৩১৪; আত তাবারানী আল কাবীর; ১০০১২; তাবারানী, আল আওসাত: ৯৭; তাবারানী, আস সাগীর: ১/১৯০; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১০/১৮৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান সহীহ বলেছেন। (আয য‘ঈফা: ২৩০৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89386

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন